তারালাপনী : ০৪২১-৫১০৬৬
৩১৮২ (সামঃ)

দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ

যশোর সেনানিবাস, যশোর ।

দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজের 'ম্যাগাজিন' প্রকাশের দরপত্র সিডিউল

১ । দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

----

২ । ম্যাগাজিনের সাইজ ও সংখ্যা : ক) সাইজ : ৮.৫˝×১১˝ (২ সেঃমিঃ×২৭সেঃমিঃ) ।
খ) ফর্মা/পৃষ্ঠা : ৮ পৃষ্ঠা করে ২০ ফর্মা (২০×৮) = ১৬০ পৃষ্ঠা ।
গ) সংখ্যা : ২০০০ কপি (দুই হাজার কপি) ।

ক্রমিক	স্পেসিফিকেশন	সংখ্যা	একক মূল্য (ভ্যাটসহ)	মোটমূল্য (ভ্যাটসহ)
০১.	ক) প্রচ্ছদ ১. কাগজ : ৩০০ গ্রাম আর্টকার্ড ২. রঙ : পাঁচ রঙ । ৩. ফয়েল : এক রঙ । ৪. মুদ্রণ : উভয় পৃষ্ঠা (Back to Back Print) ৫. অন্যান্য : ডিজাইন অনুযায়ী প্রচ্ছদ পৃষ্ঠা-১ এ ওভার ফ্লাপ, ডাইকাটিং, ম্যাট লেমিনেশন ও স্পট লেমিনেশন । খ) ইনার ১. কাগজ : ১২০ গ্রাম আর্টপেপার (কোরিয়ান) ২. রঙ : চার রঙ ৩. অন্যান্য : প্রতি পৃষ্ঠায় গ্রাফিক্স ডিজাইনিং-এ ব্যাকগ্রাউন্ড থাকবে গ) শুভেচ্ছা পৃষ্ঠা : প্রতিটি ম্যাগাজিনে একপৃষ্ঠা ট্রেসিং পেপারে একরঙ মুদ্রণ ঘ) পৃষ্ঠা নির্দেশক : প্রতিটি ম্যাগাজিনে একটি ৩০০ গ্রাম আর্ট কার্ডে চাররঙে মুদ্রিত রঙিন ফিতা দ্বারা বাঁধানো সুদৃশ্য পৃষ্ঠা নির্দেশক ঙ) বাঁধাই : এ্যাডোসিভ (অটোগাম)	২০০০ কপি		
০২.	প্যাকেট ১. কাগজ : ৩০০ গ্রাম আর্টকার্ড ২. রঙ : চার রঙ ৩. অন্যান্য : ডাইকাটিং, ম্যাট লেমিনেশন, স্পট লেমিনেশন ও ডাই কাটিং-এর ডিজাইন অনুযায়ী নির্ধারিত স্থানে পলিপেপার পেস্টিং ।	৪০০ কপি		
	সর্বমোট টাকার পরিমাণ =			

কথায় :

প্রতিস্বাক্ষর :

(মোঃ গোলাম মোস্তফা)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর ।

দরদাতার স্বাক্ষর ও সীল

(পূরণীয় সম্পূরক তথ্যাদি ও শর্তাবলি অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

তারালাপনী : ০৪২১-৫১০৬৬
৩১৮২ (সামঃ)

দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ

যশোর সেনানিবাস, যশোর।

সম্পূরক তথ্যাদি (প্রদত্ত দর অনুযায়ী নিম্নোক্ত ছক অবশ্যই পূরণীয়) :

ক্রমিক	বিবরণ	একক মূল্য (ভ্যাটসহ)	মন্তব্য
০১.	কভার ডিজাইন		
০২	প্রতি ফর্মা'র কম্পোজ ব্যয়		
০৩	প্রতি ফর্মা'র ডিজাইন ব্যয়		
০৪	প্রতি ফর্মার যাবতীয় ব্যয়সহ মুদ্রণ ব্যয়		
০৫	প্রতিটি প্যাকেটের যাবতীয় ব্যয়সহ মূল্য		

শর্তাবলি

ক) মেটার ও ছবি সংগ্রহ এবং চূড়ান্ত মুদ্রণ সংক্রান্ত তথ্যাবলি :

১. প্রকাশিতব্য ম্যাগাজিনের ডামি কপি ওয়ার্ক-অর্ডারের সাথে কলেজ কর্তৃক সরবরাহ করা হবে।

২. প্রকাশিতব্য ম্যাগাজিনের সকল পৃষ্ঠাবিন্যাস গ্রাফিক্স ডিজাইনের মাধ্যমে করতে হবে অর্থাৎ সরবরাহকৃত ছবি ও মেটারসমূহ বিন্যাসের জন্য প্রত্যেক পৃষ্ঠায় পৃথকভাবে তৈরীকৃত ব্যাকগ্রাউন্ড ব্যবহার করতে হবে এবং উক্ত ব্যাকগ্রাউন্ড কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

৩. প্রকাশিতব্য ম্যাগাজিনে চাহিদা অনুযায়ী প্রকাশিতব্য প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারি, কলেজ ভবন ইত্যাদির ছবি উন্নত ক্যামেরায় প্রফেশনাল ক্যামেরাম্যান দ্বারা নিজস্ব ব্যয়ে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কলেজ থেকে সংগ্রহ করে নিতে হবে। তবে, বিভিন্ন সময়ে উঠানো অন্যান্য কর্মকান্ডের ছবি কলেজ কর্তৃপক্ষ বিনামূল্যে সরবরাহ করবে।

৪. ম্যাগাজিন সুন্দর, সঠিক ও নির্ভুলভাবে মুদ্রণের সার্বিক দায়িত্ব প্রেস কর্তৃপক্ষের বিধায় সরবরাহকৃত ডামি ও বিশেষ নির্দেশনা (যদি থাকে) অনুযায়ী পৃষ্ঠাংকসহ যথাযথভাবে বিন্যাসের (সেটিং) পর চূড়ান্তভাবে মুদ্রণের পূর্বে কলেজ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। মুদ্রণের জন্য উন্নত মুদ্রণসামগ্রি (কালি, পজেটিভ, প্লেট ইত্যাদি) ব্যবহার করতে হবে।

খ) অন্যান্য শর্তাবলি :

১. কার্যাদেশের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ গ্রহণের পূর্বে প্রদত্ত সর্বমোট দরের ১০% অর্থ আর্নেস্ট মানি (জামানত) হিসেবে **অধ্যক্ষ, দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর সেনানিবাস**-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে (নগদ অর্থ/চেক গ্রহণযোগ্য নয়)। উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমুদয় ম্যাগাজিন সরবরাহের পর বিল প্রদানের সময় ফেরৎ প্রদান/সমন্বয় করা হবে।

২. বিধি অনুযায়ী মোট বিলের উপর মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আইটি কর্তন করে বিল পরিশোধ করা হবে।

৩. সংশ্লিষ্ট কমিটি কর্তৃক মুদ্রণ কাজের ও কাগজের গুণগত মান যাচাই ও সম্মতি প্রদানের পর মুদ্রণের কাজ আরম্ভ করতে হবে।

৪. কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে সমুদয় ম্যাগাজিন সরবরাহ করতে হবে অন্যথায় প্রতিদিনের বিলম্বের জন্য প্রাপ্ত বিল থেকে ৫০/= (পঞ্চাশ) টাকা হারে কর্তন করে নেয়া হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

তারালাপনী : ০৪২১-৫১০৬৬
৩১৮২ (সামঃ)

দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ

যশোর সেনানিবাস, যশোর ।

৫. অনিবার্য কারণে দরপত্রে উল্লেখিত ফর্মা সংখ্যা অথবা ম্যাগাজিনের কপি সংখ্যায় হ্রাস-বৃদ্ধি হতে পারে, সেক্ষেত্রে মুদ্রিত ফর্মা ও কপি সংখ্যা অনুযায়ী মূল্য পরিশোধ করা হবে ।

৬. মুদ্রণালয়/সরবরাহকারী প্রতিষ্ঠানকে সিডিউলে প্রদত্ত নমুনা ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে পৃথকভাবে ভ্যাটসহ প্রতিফর্মার একক দর ও সামগ্রিক দর (অংকে ও কথায়) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৭. মুদ্রণালয়/সরবরাহকারী প্রতিষ্ঠানকে ক্রসচেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে । কাজের জন্য কোন প্রকার অগ্রীম অর্থ দেয়া হবে না ।

৮. চূড়ান্ত ছাপার কাজ শেষ হলেও দরপত্রের সাথে প্রদত্ত নমুনা কাগজের সাথে মুদ্রিত ম্যাগাজিনের কাগজের কোনরূপ ব্যত্যয় ঘটলে অথবা প্রেস কর্তৃপক্ষের কাজে কোন ধরণের ক্রটি ধরা পড়লে অর্থদন্ডসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৯. শুধু সর্বনিম্ন দরদাতাকে নয় বরং প্রদত্ত নমুনা বিচারে মানসম্মত মুদ্রণের স্বার্থে কার্যাদেশ প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত কেবলমাত্র কর্তৃপক্ষই সংরক্ষণ করে ।

১০. কোন কারণ দর্শানো ব্যতীত যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

১১. দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ (সংশোধিত ২০০৯,২০১০) অনুযায়ী সম্পন্ন করা হবে ।

১২. অনিবার্য কারণবশত: নিদিষ্ট দিনে টেন্ডার খোলা সম্ভাব না হলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে খোলা হবে ।

১৩. নির্ধারিত তারিখের মধ্যে অফিস থেকে বিনামূল্যে উক্ত সিডিউল সংগ্রহ করা যাবে ।

সংযুক্তি :

ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স জমা দিতে হবে ।

খ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র জমা দিতে হবে ।

গ) আয়কর ও ভ্যাট পরিশোধের সনদপত্র জমা দিতে হবে ।

প্রতিস্বাক্ষর :

(মোঃ গোলাম মোস্তফা)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর ।

....
দরদাতার স্বাক্ষর ও সীল